

গোপনীয়তা

আপনার বিষয়ে আমাদের কাছে যে তথ্য আছে তা দিয়ে আমরা কী করতে পারি আমরা আপনাকে সর্বদা জিজ্ঞাসা করবো। আমরা কেবল তখন এই গোপনীয়তা ভঙ্গ করবো যদি আমরা আপনার বা অন্য কারুর নিরাপত্তার বিষয়ে চিন্তিত থাকি। তা ঘটান আগে আমরা সেই বিষয়ে সর্বদা আপনার সাথে কথা বলতে চেষ্টা করবো।

সম্মতি

আমাদের পরিষেবায় আমরা কখনও চাইবো না আপনি চাপে থাকেন। আপনাকে কোনও ডাক্তারি চিকিৎসা বা সহায়তা প্যাকেজ দেওয়ার আগে আমরা অবশ্যই আপনার সম্মতি নেব। আমরা আপনার সাথে বাক্যালোপ করবো আপনার পরিচর্যার বিষয়ে কোনো সিদ্ধান্ত নেওয়ার জন্য আপনার কাছে সকল তথ্য এবং সময় আছে নিশ্চিত করার জন্য।

নিবন্ধন এবং রেফারাল

আপনি আপনার মদ বা মাদকদ্রব্য সেবনের বিষয়ে কারুর সাথে কথা বলতে চাইলে আপনি আমাদের সাথে সরাসরি ফোনে, ই-মেলের মাধ্যমে, বা সশরীরে যোগাযোগ করতে পারেন। ডাক্তার, পরিবারের সদস্য, সেবক এবং বন্ধরা, বা অন্য কোনও সংস্থা যে কোনও ব্যক্তিকে আমাদের পরিষেবায় পাঠাতে পারেন।

► আমাদের ঠিকানা:

RESET Treatment Service
183 Whitechapel Road, London, E1 1DN

RESET Treatment Service
71 Johnson Street, London, E1 0AQ

RESET Recovery Support Service
The Alma, 41 Spelman Street, London, E1 5LQ

► খোলা থাকে

সোমবার থেকে শুক্রবার: সকাল 9:00টা বিকেল 5:00টা
বেশিষ্কণ খোলা থাকে: বৃহস্পতিবার সকাল 9:00টা-রাত 8:00টা

► যোগাযোগ করুন

টেলিফোন: **0203 889 9510**
ই-মেল: reset.towerhamlets@cgl.org.uk
ওয়েব: www.changegrowlive.org
টইটার: [@RESETRecovery](https://twitter.com/RESETRecovery)
ফেসবুক: [RESETTowerHamlets](https://www.facebook.com/RESETTowerHamlets)



রিসেট (RESET) চিকিৎসা এবং আরোগ্যলাভ সহায়তা পরিষেবা

টাওয়ার হামলেটস্ (Tower Hamlets)-এ মাদকদ্রব্য বা মদে আক্রান্ত ব্যক্তিদের জন্য নিশ্চল এবং গোপন সহায়তা।



Provided by



**Change
Grow
Live**

টেলিফোন: **0203 889 9510**
ই-মেল: reset.towerhamlets@cgl.org.uk

➤ রিসেট চিকিৎসা এবং আরোগ্যলাভ সহায়তা পরিষেবায় স্বাগত

আপনি মাদকদ্রব্য বা মদে আসক্ত থাকলে, আমরা সাহায্য করতে পারি।

আমাদের মাদকদ্রব্য ও মদ পরিষেবা আপনার আরোগ্যলাভের যাত্রায় আপনাকে সহায়তা দিতে পারে। এছাড়া নিরাপদ, স্বাস্থ্যকর জীবনযাপনের জন্য আমরা মাদকদ্রব্য এবং মদের অপকারী প্রভাব কমানোর জন্য নির্দেশ দিই।

আপনার মাদকদ্রব্যের (মদসহ) নেশা কমানোর জন্য আমরা ওষুধ, এবং জনসামাজিক ও আবাসিক ডিটক্স প্রদান করি।

আপনার আরোগ্যলাভের জন্য আপনি অভিলাষ দমন করার আর আপনার ভাবনা ও আচরণ পাল্টাবার নতুন উপায় শিখবেন। মাদকদ্রব্য এবং মদের অতিরিক্ত, আমরা উদ্দীপক বস্তুর সমস্যার উপর পরামর্শ দিই (যেমন ক্র্যাক), কেমসেক্স (chemsex), নতুন চিত্তপ্রভাবকারী পদার্থ, বেনজস, এবং গাঁজা। আমরা আপনাকে সাহায্য করতে পারি আপনার অপকারের ঝুঁকি কমাতে বা সেবন পুরোপুরি ত্যাগ করতে।

যারা মাদকদ্রব্য বা মদের জন্য অসুবিধায় ভুগছেন তারা আমাদের সাহায্য পেতে পারেন, যেমন পরিবারের সদস্যের বা লক্ষণীয় অন্যের মাদকদ্রব্য বা মদ সেবনের দ্বারা প্রভাবিত কেউ। আমাদের পরিষেবা নিশুঙ্ক ও গোপন, এবং আমরা গোষ্ঠী কর্মসূচী আর ব্যক্তিগত সহায়তা দিই।

**“আমি এর আগে চিকিৎসা করিয়েছি
আর পুনর্বাসনে ছিলাম, কিন্তু এই
পরিষেবা আলাদা ছিল। দলে যোগ
দিয়ে আমি হাতিয়ার এবং আশ্রয়
পেয়েছি যা আমাকে পরিবর্তন করতে
সাহায্য করেছে।”**

রিসেট পরিষেবা ব্যবহারকারী

আমরা আপনাকে সাহায্য করতে পারি:

- নিশুঙ্ক, গোপন সহায়তা, পরামর্শ এবং তথ্য দিয়ে
- শারীরিক স্বাস্থ্য, (যৌন স্বাস্থ্যসহ) এবং মানসিক সুখস্বাস্থ্যের জন্য সহায়তা দিয়ে
- জনসামাজিক ডিটক্স এবং আবাসিক সহায়তার বিকল্পগুলি দিয়ে
- একটি ব্যক্তিগত আরোগ্যলাভের পরিকল্পনা দিয়ে
- সমস্যার সমাধান দিয়ে
- SMART আরোগ্যলাভ গোষ্ঠী, ব্রেকিং ফ্রি অনলাইন-এর মত হাতিয়ার এবং পারস্পরিক সাহায্যের সুবিধা দিয়ে
- আরোগ্যলাভের জন্য ওষুধ দিয়ে
- নিশুঙ্ক ব্রেকফাস্ট ও লাঞ্চ ক্লাব এবং সৃজনশীল গোষ্ঠীর সুযোগ দিয়ে যেমন সঙ্গীত, নাটক এবং অ্যাকপাঙ্কচার
- গোষ্ঠী কর্মসূচী আর ব্যক্তিগত সহায়তা দিয়ে
- আবাসন, অর্থ এবং খাণের পরামর্শ দিয়ে
- শিক্ষা, প্রশিক্ষণ এবং চাকরির পরামর্শ দিয়ে
- পরিবার এবং অন্য লক্ষণীয়দের জন্য সহায়তা দিয়ে
- স্বেচ্ছাসেবা এবং সমকক্ষ উপদেষ্টা প্রশিক্ষণের জন্য সুযোগ দিয়ে

➤ আমাদের প্রস্তাব

টাওয়ার হ্যামলেটস্-এর যে কোনও বাসিন্দা আমাদের পরিষেবা নেওয়ার জন্য স্বাগত, একজন পেশাদার ব্যক্তির মাধ্যমে যেমন আপনার ডাক্তার, বা নিজেই আমাদের সাথে যোগাযোগ করে।

আমরা আপনার সাথে কাজ করবো একটি ব্যক্তিগত আরোগ্যলাভের পরিকল্পনা তৈরি করার জন্য, আর ইতিবাচক লক্ষ্য স্থির ও অর্জন করার জন্য।

আমাদের বন্ধুসুলভ বিচিত্র পেশাদার দল আপনার লক্ষ্য অর্জন করার জন্য প্রয়োজনীয় হাতিয়ার খুঁজতে আপনাকে সাহায্য করবে, আর আপনাকে প্রয়োজনীয় বাড়তি সহায়তা দেবে। তা হতে পারে শিক্ষা, প্রশিক্ষণ এবং চাকরির জন্য সাহায্য, আর আবাসন, অর্থ, খাণ, বা আইনী বিষয়ের উপর পরামর্শ।

➤ চেঞ্জ গ্রো লাইভ (CHANGE GROW LIVE)-এর বিষয়ে

চেঞ্জ গ্রো লাইভ-এ, আমরা মানুষের উপর বিশ্বাস রাখি। এই বিষয়টি হল আমাদের সকল কাজের ভিত। আপনি আমাদের পরিষেবা ব্যবহার করলে: আমরা আপনার অবস্থা বুঝতে পারি। আমরা বিচার করবো না। আমরা বিশ্বাস করি আপনি আপনার জীবনে ইতিবাচক পরিবর্তন আনতে পারেন।

আমাদের ব্রত হল মানুষদের তাদের জীবনের দিশা বদলাতে, ব্যক্তি হতে, আর পূর্ণ সম্ভাবনা নিয়ে বাঁচতে সাহায্য করা।

আমাদের মূল্যবোধগুলি একত্রে কাজ করে, মূলনীতি হিসাবে যা আমাদের পথ দেখায় ও পছন্দ করায়: উদার হন, সহানুভূতিশীল হন, সাহসী হন।